

কৃষি বিশ্ববিদ্যালয়
এলাকায় ৪৮ ঘন্টা
হরতাল আহ্বান

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ গতকাল সোমবার চকল-
হাসু মুক্তি পরিষদের আহ্বানে
কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র
সংসদের ভিপি সহ ১১ জন ছাত্রদল
(২য় পূঃ ৫-এর কঃ ডঃ)

কৃষি বিশ্ববিদ্যালয়
(লেখপূঃ পর)

নেতার মুক্তির দাবীতে বিশ্ববিদ্যা-
লয় এবং ময়মনসিংহের অধিকাংশ
শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট
পালিত হয়। মঙ্গলবার এবং
আগামীকাল বিশ্ববিদ্যালয় এলা-
কায় ছাত্রদল নেতাদের মুক্তির
দাবীতে ৪৮ ঘন্টার হরতাল
আহ্বান করা হইয়াছে। উল্লেখ্য,
কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র দলের
বিবদমান দুই গ্রুপের সংঘর্ষের
कारणे পুলিশ ২টি হলে তল্লাসী
চলাইয়া ৭ জন, ময়মনসিংহ
শহর হইতে হরতাল চলাকালে ৩
জন এবং অপর ১ জনকে গ্রেফ-
তার করে। জেলা শহরে এবং
কৃষি বিশ্ববিদ্যালয়ে পুলিশের
তৎপরতা অব্যাহত আছে। গ্রেফ-
তারকৃত ছাত্রদল নেতা হেলান
আহমেদ এবং কায়কোবাদ মানুষের
জামিন হইয়াছে। অন্যদের জামিন
না-মঞ্জুর করা হয়।

বিরাজমান পরিস্থিতি লইয়া
শিক্ষকদের এক জরুরী বৈঠকে
ক্যাম্পাসের সুর্ত্ত পরিবেশ বজায়
এবং সন্ত্রাস দমনে শিক্ষকদের
ঐক্যবদ্ধ থাকার অঙ্গীকার ব্যক্ত
করা হয়। বিশ্ববিদ্যালয়ের এক
বিজ্ঞপ্তিতে বলা হয়, অবৈধ অস্ত্র
উদ্ধার ও সন্ত্রাস দমনে বিশ্ববিদ্যা-
লয়ের প্রশাসনিক কার্যক্রম সম্পূর্ণ
নিরপেক্ষ ছিল বলিয়া শিক্ষক
সমিতি, অফিসার পরিষদ, কর্ম-
চারী পরিষদ ও কর্মচারী সমি-
তির নেতৃবৃন্দ ভাইস-চ্যান্সেলর
প্রফেসর ডঃ শাহ মোহাম্মদ ফারু-
কের সহিত পৃথক পৃথক বৈঠকে
মতব্যা করিয়াছেন। অপরদিকে
চকল সমর্থকরা অভিযোগ করি-
য়াছে, প্রশাসন চকল গ্রুপ হইতে
একতরফা গ্রেফতার করিয়াছে।